

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮৪৮

১৫/ হজ (حتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৭৪. মুহরিম (যাদের সাথে বিবাহ নিষিদ্ধ) ব্যক্তির সাথে মহিলাদের হজ্জের জন্য বা অন্য কারণে সফর করা।

سفر المرأة مع محرم إلى حج وغيره

## আরবী

حديث أبي سَعِيد، قَالَ: أَرْبَعُ سَمِعْتُهُنَّ مِنْ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَعْجَبْنَنِي وَآنَقْنَنِي: أَنْ لاَ تُسَافِرَ امْرَأَةٌ مَسِيرَةَ يَوْمَيْنِ لَيْسَ مَعَهَا زَوْجُهَا أَوْ ذُو مَحْرَمٍ وَلاَ تُشَدُّ الرِّحَالُ إِلاَّ إِلَى ثَلاَتَةِ مَسَاجِدَ: مَسْجِدِ الْحَرَامِ، وَمَسْجِدِي، وَمَسْجِدِ الْأَقْصى

## বাংলা

৮৪৮. আবু সাঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, চারটি বিষয় যা আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শুনেছি যা আমাকে আশ্চর্যান্থিত করে দিয়েছে এবং চমৎকৃত করে ফেলেছে। (তা হল এই), স্বামী কিংবা মাহরাম ব্যতীত কোন মহিলা দু'দিনের পথ সফর করবে না। ঈদুল ফিতর এবং ঈদুল আযহা- এ দু দিন কেউ সওম পালন করবে না। আসরের পর সূর্য অস্ত যাওয়া পর্যন্ত এবং ফজরের পর সূর্য উদয় পর্যন্ত কোন সালাত আদায় করবে না। আর মসজিদে হারম (কা'বা), আমার মসজিদ (মসজিদে নববী) এবং মসজিদে আকসা (বাইতুল মাকদিস)- এ তিন মসজিদ ব্যতীত অন্য কোন মসজিদের জন্য সফরের প্রস্তুতি গ্রহণ করবে না।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৮ : ইহরাম অবস্থায় শিকার এবং অনুরূপ কিছুর বদলা, অধ্যায় ২৬, হাঃ ১৮৬৪; মুসলিম, পর্ব ১৫: হাজ্ব, অধ্যায় ৭৪, হাঃ ১৩৪০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন